দৈনিক বাংলা

তারিখ 23 NOV 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

০৭

# কৃষি বিশ্ববিদ্যালয়ে সেশনজট

ময়মনসিংহে অবস্থিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে সেশনজট বর্তমানে ভয়াবহ আকার ধারণ করেছে। অথচ এই বিশ্ববিদ্যালয়ে সেশনজট হওয়ার কথা ছিল সবচেয়ে কম। কারণ ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েট, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কিংবা অন্যান্য বিশ্ববিদ্যালয়ের তুলনায় এখানে ছাত্রসংখ্যা কম। অধিভুক্ত ৩টি কলেজসহ বিশ্ববিদ্যালয়ে স্নাতক পর্যায়ে কৃষি অনুষদের প্রতিটি পর্বে শিক্ষার্থীর সংখ্যা ৪৬০। এই চারশ ষাট জন শিক্ষার্থীর পরীক্ষা নেয়া ও রেজাল্ট দেয়া কি খুবই জটিল ব্যাপার? পরীক্ষার পরে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৩ মাস পরে রেজাল্ট দিয়ে থাকেন। অল্প কিছু ছাত্রনামধারী সন্ত্রাসীর দাবির মুখে বার বার পরীক্ষা পিছানো হয়। এর ফলে এক বছরের জায়গায় প্রতিটি পর্ব শেষ হতে সময় লাগে ১৮ থেকে ২৪ মাস। এছাড়া ৪ বছরের অনার্স কোর্সে শুধুমাত্র রেজাল্ট দেয়ার জন্য ব্যয় হয় পুরো একটি বছর। এক হিসাবে দেখা গেছে, এখানে চার বছর মেয়াদী অনার্স কোর্স শেষ করতে সময় লাগে সাত থেকে আট বছর। আমাদের প্রশ্ন, আমাদের জীবনের এই মূল্যবান সময় নষ্ট করার জন্য দায়ী কে? সে কি আমরা, না কি কর্তৃপক্ষ?

মোঃ আজিজুল হক অনু
১০৬ সিরাজউদ্দৌলা হল
বাংলাদেশ কৃষি কলেজ
শেরে বাংলানগর
ঢাকা-১২০৭।